মেসির জাদুতে প্রীতি ম্যাচে অ্যাঙ্গোলাকে হারাল আর্জেন্টিনা



সংগৃহীত ছবি

কা না দেয়ার কারণে দলে নেই বেশ কয়েকজন তারকা। সাথে রয়েছে চোট ও বিশ্রামজনিত সমস্যা। তবে, সেই চিন্তা কোচ লিওলেন স্কালোনির মাথায় হয়তো বেশি কাজ করেনি। কারণ- দলের মহাতারকা মেসি'তো রয়েছেন। আর মেসি থাকলে জয় নিয়ে হয়তো বেশি ভাবতে হয়নি কোচের। মেসি ও লাউতারোর গোলে স্বাগতিক অ্যাঙ্গোলাকে ২-০ গোলে হারিয়েছে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

শুক্রবার (১৪ নভেম্বর) লুয়ান্ডায় আন্তর্জাতিক প্রীতি ম্যাচে প্রথম থেকেই চ্যাম্পিয়নদের বেশ চাপে রাখে স্বাগতিকরা। ম্যাচের ২১তম মিনিটে মেসির শটটি দেখে ভক্তরা ভেবেই নিয়েছিল গোল হয়েই গেছে। তবে, এলএম১০'এর শট দুর্দান্ত এক শেভ করেন অ্যাঙ্গোলার গোলরক্ষক।

তবে, ম্যাচের ৪৩ মিনিটে মেসির কাছ থেকে পাস পেয়ে ভুল করেননি লাউতারো। কঠিন অ্যাঙ্গেল থেকে ডান পায়ের শট থেকে গোল করেন লাউতারো। আর দ্বিতীয়ার্ধের শেষদিকে সেই লাউতারোর কাছ থেকে বল পেয়ে লক্ষ্যভেদ করেন মেসি। সেই সাথে ক্যারিয়ারে প্রথমবারের মতো আফ্রিকার মাটিতে গোল করলেন মেসি।

LENS ASIA